পাঁচ উকিয়ার কম রৌপ্যমুদ্রায় যাকাত নেই এবং পাঁচটি উটের কমের ওপর যাকাত নেই। পাঁচ ওয়াসাক এর কম শষ্যের ওপর যাকাত নেই।

আবূ সা‘ঈদ আল-খুদরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু
আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “পাঁচ উকিয়ার কম রৌপ্যমুদ্রায় যাকাত নেই এবং পাঁচটি
উটের কমের ওপর যাকাত নেই। পাঁচ ওয়াসাক এর কম শষ্যের ওপর যাকাত নেই।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

যাকাত ধনী ও দরিদ্রের মধ্যে সমতা বিধানকারী। এ কারণেই যার সম্পদ স্বল্প তার কাছ থেকে যাকাত গ্রহণ করা হয়না এবং এর মালিককে ধনী গণ্য করা হয় না। যার ওপর যাকাত ওয়াজিব শরীয়ত প্রণেতা তার সর্বনিম্ন সীমা বর্ণনা করেছেন। অতএব, যে ব্যক্তি সর্বনিম্ন সীমার চেয়ে কম সম্পদের মালিক সে অভাবী হিসেবে বিবেচিত। তার কাছ থেকে যাকাত হিসেবে কোনো কিছু নেওয়া হবে না। রৌপ্যের মালিকের ওপর যাকাত ওয়াজিব হবে না যতক্ষণ না তার কাছে পাঁচ উকিয়া রৌপ্য হবে। এক উকিয়ার পরিমাণ হলো ৪০ দিরহাম। এতএব, তার নিসাব হচ্ছে, ২০০ দিরহাম। যা আণুমানিক পাঁচশত নব্বই গ্রাম।উটের মালিকের ওপর যাকাত ওয়াজিব হবে না যতক্ষণ না তার কাছে পাঁচটি উট হবে। এর কম হলে তাতে যাকাত নেই। দানা জাতিয় শস্য ও খেজুরের মালিকের ওপর যাকাত ওয়াজিব হবে না যতক্ষণ না তার কাছে পাঁচ ওয়াসাক পরিমাণ হবে। আর ওয়াসাকের পরিমাণ হলো ষাট সা। সুতরাং এ হিসেবে তার নিসাব হচ্ছে ৩০০ সা‘।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4547